

জাত পরিচিতি

বিআর২৪ বা রহমত ব্রি উদ্ভাবিত বোনা আউশ ধানের একটি জাত। জাতটি ১৯৯২ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন করা হয়। বিআর২৪ সরাসরি বপনযোগ্য। জাতটি দেশের বৃষ্টিবহুল অঞ্চলের জন্য উপযোগী।



বিআর২৪

জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ১০৫ সেন্টিমিটার।
- ▶ কাণ্ড খুব শক্ত বলে সহজে হেলে পড়ে না।
- ▶ চাল লম্বা, চিকন ও সাদা।
- ▶ চালে শ্রোটিনের পরিমাণ ৮.৯%।

জীবনকাল

জাতটির জীবনকাল ১০৫ দিন।

ফলন

উপযুক্ত পরিচর্যা পেলে বিআর২৪ হেক্টর প্রতি ৩.৫ টন ফলন দিয়ে থাকে।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ বপন: ১০ চৈত্র-১০ বৈশাখ (২৪ মার্চ-২৩ এপ্রিল)। তিনভাবে বীজ বোনা যায়- ছিটিয়ে, সারি করে এবং ডিবলিং পদ্ধতিতে।
২. বপন পদ্ধতি ও বীজের পরিমাণ :
 - ২.১. সরাসরি বীজ ছিটিয়ে : এ পদ্ধতিতে বীজ লাগবে ৭০-৮০ কেজি/হেক্টর বা ৯-১০ কেজি/বিঘা।
 - ২.২. সারি করে : সারি থেকে সারি ২৫ সেন্টিমিটার দূরত্বে এবং ৪-৫ সেমি গভীর সারি করে বীজ বুনতে হবে। এ পদ্ধতিতে বীজ লাগবে ৪৫-৫০ কেজি/হেক্টর বা ৬-৭ কেজি/বিঘা।
 - ২.৩. ডিবলিং পদ্ধতিতে : ২০ সেন্টিমিটার দূরে দূরে গর্ত করে প্রতি গর্তে ২-৩টি বীজ দেয়ার পর গর্তটি মাটি দিয়ে ঢেকে দিতে হবে। এ পদ্ধতিতে বীজ লাগবে ২৫-৩০ কেজি/হেক্টর বা ৩-৪ কেজি/বিঘা।
৩. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৩.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিঙ্কসালফেট
	২০	৭	১০	৫	০.৭

 - ৩.২ ইউরিয়া সার সমান ২ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি শেষ চাষের সময় এবং ২য় কিস্তি চারা গজানোর ৩০-৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম।
৪. আগাছা দমন : বপনের অন্তত ৩০-৪০ দিন পর পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে। সময়মত আগাছা দমন না করলে বোনা আউশ ধানের ফলন ৮০-১০০ ভাগও কমে যেতে পারে।
৫. রোগবাহাই দমন : অনুমোদিত বালাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে।
৬. ফসল কাটা : ২০ আষাঢ়- ২০ শ্রাবণ (৪ জুলাই-৪ আগস্ট) মধ্যে ধান কাটা যায়।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ২১